# মির্জাপুর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মির্জাপুর, টাংগাইল। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, মির্জাপুর, টাংগাইল। |
| তারিখ ও সময় | ঃ | ২৭ জুলাই ২০২২, সময়- বেলা- ১১.০০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | ঃ | হাজিরা মোতাবেক সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত (পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)। |

সভার শুরুতে শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত উপজেলা পরিষদের চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টু, মহিলা ভাইস চেয়ারম্যান মির্জা শামীমা আক্তার, ভাইস চেয়ারম্যান, আজহারুল ইসলাম, বিভাগীয় প্রধান কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলকে স্বাগত জানান। তিনি বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি বিধি অনুযায়ী সভাপতির আসন গ্রহণ পূর্বক সকলের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য প্রদানের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান। সভাপতি সংশ্লিষ্ট সকলকে ঐক্যমত্যের ভিত্তিতে একযোগে কাজ করে এ উপজেলাকে উন্নয়ন করার আহবান জানান। মির্জাপুর উপজেলার আরও অধিকতর উন্নয়নে তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য, ভাইস চেয়ারম্যানদ্বয়, পৌর মেয়র, বিভাগীয় প্রধান কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, তাঁর অবস্থান থেকে তিনি এ উপজেলার সার্বিক উন্নয়নে সর্বাত্মক প্রচেষ্টা চালাবেন এবং মাননীয় জাতীয় সংসদ সদস্যকে এ বিষয়ে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি সুস্পষ্টভাবে সভায় উপস্থাপনের এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানান। তিনি সকলকে নিয়ে আধুনিক মির্জাপুর গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় যথারীতি সভার কাজ শুরু করেন।

২। **পুর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

বিগত ২৭ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

**৪। জাতি গঠন মূলক আলোচনা ঃ**

| ক্র:নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | সভায় এ বিভাগ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের সুষ্ঠু ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল। |
| ৫.২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | সভায় এ বিভাগ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের সুষ্ঠু ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা কৃষি কর্মকর্তা, মির্জাপুর। |
| ৫.৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন। | সভায় এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অত্র উপজেলায় মৎস্য হ্যাচারী কার্যক্রম, মৎস্য ও পশুখাদ্য আইন কার্যক্রম এবং প্রদর্শনী খামার স্থাপনসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহতক রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা মৎস্য কর্মকর্তা, মির্জাপুর। |
| ৫.৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের আরও অধিকতর গতিশীলতা আনয়নের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মির্জাপুর |
| ৫.৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ১। এ বিভাগ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের এ ধারাবাহিকতা বজায় রাখাসহ জন্ম নিয়ন্ত্রণ কার্যক্রমে আরও অধিকতর গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা পঃ পঃ কর্মকর্তা , মির্জাপুর। |

| | | | |
|---|---|---|---|
| ৫.৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। শিক্ষার গুনগত মান উন্নয়নে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শন করার জন্য - উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নে ঃ (১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, মির্জাপুর। |
| ৫.৭ | মাধ্যমিক শিক্ষাবিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। - | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রমাপ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মির্জাপুর। |
| ৫.৮ | আইন-শৃংখলা বিভাগ | অফিসার-ইন-চার্জ, মির্জাপুর, টাঙ্গাইল জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | আইন-শৃংখলা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সুষ্ঠু আইন-শৃংখলা বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখার জন্য অফিসার-ইন-চার্জ, মির্জাপুর থানাকে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নে ঃ অফিসার-ইন-চার্জ, মির্জাপুর থানা। |
| ৫.৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের আরও অধিকতর গতিশীলতা আনয়নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নে ঃ ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মির্জাপুর। |
| ৫.১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | এ বিভাগ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মির্জাপুর |
| ৫.১১ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মির্জাপুর, টাংগাইলকে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নেঃউপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মির্জাপুর, টাংগাইল। |
| ৫.১২ | নিবার্চন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনায়নের জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার মির্জাপুর, টাংগাইল |
| ৫.১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি জুন/২০২২ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইলকে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, মির্জাপুর। |
| ৫.১৪ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মির্জাপুর, টাংগাইল। |
| ৫.১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা |

| | | | |
|---|---|---|---|
| | | জুন/২০২২ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। | আনয়নের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইলকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ (১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর। |
| ৫.১৬ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান, আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক সমবায়ী ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে কৃষি ও অকৃষি খাতে পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম ছাড়াও সমবায়ের বিভিন্ন সম্প্রসারণমূলক উন্নয়ন কর্মকান্ডের মধ্যে বিআরডিবি-র সদর দপ্তর কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা নির্ধারণ অনুযায়ী জুন/২০২২ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। | সভায় এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিভাগীয় কাজের এ ধারা অব্যাহত রেখে ঋণ আদায়সহ কাজের গতি আরও বৃদ্ধির জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল। |
| ৫.১৭ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জুন/২০২২ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , মির্জাপুর। |
| ৫.১৮ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে অবহিত করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনায়নের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা কে অনুরোধ করা হয়। বাস্তবায়নেঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মির্জাপুর |
| ৫.১৯ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল। |
| ৫.২০ | বি,এ,ডি,সি বিভাগ | উপস্থিত না থাকায় আলোচনা সম্ভব হলো না | সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সভাকে অবহিত করার জন্য বিএডিসি-র উর্দ্ধতন উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। |
| ৫.২১ | ইউসিসিএ লিঃ | মির্জাপুর ইউসিসিএ লিঃ এর চেয়ারম্যান সভায় বলেন যে, মির্জাপুর উপজেলার ইউসিসিএ লিঃ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক ইউসিসিএ লিঃ পরিচালনা করার জন্য চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, মির্জাপুর, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, মির্জাপুর। |
| ৫.২২ | শিক্ষা প্রকৌশল বিভাগ | উপজেলা শিক্ষা প্রকৌশল বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে শিক্ষা প্রকৌশলী সভাকে অবহিত করেন। | তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য শিক্ষা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা প্রকৌশলী, মির্জাপুর, টাংগাইল। |
| ৫.২৩ | পল্লী দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জুন/২০২২ মাস পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হয়। |
| ৫.২৪ | বন বিভাগ | উপস্থিত না থাকায় আলোচনা সম্ভব হলো না। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাস্তবায়নেঃ রেঞ্জ কর্মকর্তা, বাঁশতৈল রেঞ্জ, মির্জাপুর |
| ৫.২৫ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মির্জাপুর, টাঙ্গাইল জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | এ বিভাগ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, |

| | | | |
|---|---|---|---|
| | | | মির্জাপুর, টাঙ্গাইল |
| ৫.২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ইউজিআইপি কাজের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) কাজ চলমান। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। |

০৬। উপজেলা অফিসার্স ক্লাব নির্মান সংক্রান্ত আলোচনা ঃ

আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ হাফিজুর রহমান বলেন মির্জাপুর উপজেলায় অফিসার্স ক্লাবের ভালো কোন ভবন নেই। তিনি মির্জাপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা সমাজসেবা অফিসের পুরাতন জরাজীর্ণ টিনসেড ভবনটি অপসারণ করে অফিসার্স ক্লাব নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ মির্জাপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা সমাজসেবা অফিসের পুরাতন জরাজীর্ণ টিনসেড ভবনটি অপসারণ করত উক্ত স্থানে অফিসার্স ক্লাব নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, মির্জাপুর, টাঙ্গাইল।

০৭। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০৩ টি ঘর নির্মান সংক্রান্ত আলোচনা ঃ

আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ হাফিজুর রহমান বলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ২০ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-০৭ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী মির্জাপুর উপজেলায় ০৩ (তিন) জন ভূমিহীন ও গৃহহীনদের মাঝে গৃহ নির্মাণের নির্দেশনা প্রদান করেছেন। তৎপ্রেক্ষিতে মির্জাপুর উপজেলা হতে নিম্নোক্ত ০৩ (তিন) জন ভূমিহীন ও গৃহহীনদের ঘর নির্মান করে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

| ক্র নং | নাম ও ঠিকানা | গৃহ নির্মাণ বাবদ ব্যয়িত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | জবেদা বেগম, পিতা-জালাল উদ্দিন, গ্রাম-বিশারচালা<br>ডাক-গোড়াই মঈন নগর<br>উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল। | গৃহ নির্মাণ ব্যয় =২,৮৪,৫০০/-<br>জ্বালানী ব্যয় = ৩,৩৩৪/-<br>মালামাল পরিবহন = ৫,০০০/-<br>২,৯২,৮৩৪/- | |
| ০২ | পরেশ চৌধুরী, পিতা-মৃত বিনা বাড়ই, গ্রাম-চাকলেশ্বর<br>ডাক-ফতেপুর<br>উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল। | গৃহ নির্মাণ ব্যয় =২,৮৪,৫০০/-<br>জ্বালানী ব্যয় = ৩,৩৩৪/-<br>মালামাল পরিবহন = ৫,০০০/-<br>২,৯২,৮৩৪/- | |
| ০৩ | মাজেদা বেগম, পিতা-জাফর আলী, গ্রাম-বাইমহাটি আদালত পাড়া<br>ডাক-মির্জাপুর<br>উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল। | গৃহ নির্মাণ ব্যয় =২,৮৪,৫০০/-<br>জ্বালানী ব্যয় = ৩,৩৩৪/-<br>মালামাল পরিবহন = ৫,০০০/-<br>২,৯২,৮৩৪/- | |

সিদ্ধান্ত ঃ মির্জাপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত ০৩ (তিন) টি ঘর নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, মির্জাপুর, টাঙ্গাইল।

০৮। পরিচ্ছন্নকর্মী এর দৈনিক ভাতা সংক্রান্ত আলোচনা ঃ

আলোচনা ঃ জনাব মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল সভায় জানান যে, জনাব রেখা বাজফোর, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল বেতন বৃদ্ধির জন্য আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদের জুলাই/২২ মাসের মাসিক সভায় দৈনিক মজুরি ভিত্তিতে ৪০০/- টাকা হারে বেতন প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ, জনাব রেখা বাজফোর, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইলকে দৈনিক মজুরি ভিত্তিতে ৪০০/- টাকা হারে বেতন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৯। উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের পাড়ে ওয়াকওয়ে নির্মাণ, পুকুরের ঘাটলা মেরামত এবং পুকুরপাড়ে ক্যান্টিলিভার পন্ডডেক নির্মাণ বিষয়ক আলোচনা ঃ

আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ হাফিজুর রহমান সভায় জানান যে, ঐতিহ্যবাহী মির্জাপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুর পাড়ে ওয়াকওয়ে নির্মাণ, পুকুরপাড়ে ঘাটলা মেরামত এবং পুকুরপাড়ে ক্যান্টিলিভার পন্ডডেক নির্মাণ করা প্রয়োজন। উক্ত পুকুর পাড়ে ওয়াকিং ওয়ে নির্মাণ, পুকুরপাড়ে ঘাটলা মেরামত এবং পুকুরপাড়ে ক্যান্টিলিভার পন্ডডেক নির্মাণ কাজ সরকারি/উপজেলা পরিষদ/স্থানীয়ভাবে অর্থ সংগ্রহপূর্বক করার জন্য অনুরোধ জানান।

চলমান পাতা-০৫

০২.২০২৪

সিদ্ধান্ত ঃ মির্জাপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুর পাড়ে ওয়াকিং ওয়ে নির্মাণ কাজ সরকারি/উপজেলা পরিষদ/স্থানীয়ভাবে অর্থ সংগ্রহপূর্বক করার সিদ্ধান্ত গৃহিত হয়।

১০ ঃ ১৪২৮ বাংলা সনে হাট-বাজার ইজারালব্ধ অর্থের ১৫% অর্থে হাট-বাজার রক্ষণাবেক্ষণ/ উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা:

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক হাট বাজার রক্ষণাবেক্ষণ/উন্নয়নের নিমিত্ত কোন প্রকল্প উত্থাপন করেননি।
সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি, মির্জাপুর, টাঙ্গাইল।

**১১ ঃ ১৪২৬, ১৪২৭ এবং ১৪২৮ বাংলা সনে হাট-বাজার ইজারালব্ধ' অর্থের ১০% অর্থে হাট-বাজার রক্ষণাবেক্ষণ/ উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ**

হাট বাজার রক্ষণাবেক্ষণ/উন্নয়নের নিমিত্ত কোন প্রকল্প উত্থাপন করেননি।

সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি, মির্জাপুর, টাঙ্গাইল।

**১২ ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ**

(ক) উপজেলা পরিষদ কার্যালয়ের জুন/২০২২ মাসে = ৫,০০০/- টাকা আনুসাংগিক বিল বাবদ বিল ভাউচার দাখিল করেছেন।
(খ) উপজেলা পরিষদ কার্যালয়ের জুন/২০২২ মাসে = ২৯,৯৪০/- টাকা আপ্যায়ন বিল বাবদ বিল ভাউচার দাখিল করেছেন।
(গ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির সভার জুন/২২ মাসে= ৮,০০০/- টাকা আপ্যায়ন বিল বাবদ বিল ভাউচার দাখিল করেছেন।
(ঘ) উপজেলা পরিষদের সামনের পুকুরের পাড় পরিস্কার বাবদ =২৫,০০০/-
(ঙ) উপজেলা পরিষদের আবাসিক বাসভবনের উত্তর পাশের আগাছা পরিস্কার বাবদ =২৫,০০০/-
(চ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নতুন অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় বাবদ = ২৫,০০০/-
(ছ) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় বাবদ = ২৫,০০০/-
(জ) উপজেলা পরিষদের অফিস আঙ্গিনায় সিসি ক্যামেরা স্থাপন = ২,০০,০০০/-
(ঝ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ২য় তলায় টাইলস করণ =২,০০,০০০/-
(ঞ) উপজেলা পরিষদের আবাসিক এলাকার কর্মচারী ডরমেটরীর পানির লাইন মেরামত করণ =২৫,০০০/-
(ট) উপজেলা পরিষদের আবাসিক ভবনের ৬ (ঘ) নং বাসা মেরামত ও রংকরণ =২৫,০০০/-
(ঠ) উপজেলা পরিষদের আবাসিক ভবনের ৮ (খ) নং বাসা মেরামত ও রংকরণ =২৫,০০০/-
(ঢ) উপজেলা পরিষদের পুরাতন ভবনের বারান্দায় মহিলা ভাইস চেয়ারম্যানের রুমের সামনে গ্রীল নির্মাণ বাবদ = ২৫,০০০/-
(ন) উপজেলা পরিষদের আবাসিক ভবনের ৬ (ক) নং বাসা মেরামত ও রংরকণ =২৫,০০০/-
সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উল্লেখিত বিলগুলো অনুমোদিত হয়।
বাস্তাবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।

**১৩ ঃ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ**

**জনাব মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে গত ২৭ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ উপজেলা পরিষদ সভায় অনুমোদনকৃত প্রকল্পের আংশিক সংশোধনসহ নিম্নরুপ প্রকল্প উত্থাপন** করেন।

| ক্র নং | প্রকল্পের নাম | বরাদ্দ | প্রকল্পের ধরণ |
|---|---|---|---|
| ১। | ০১ নং ক্রমিকে আনাইতারা ইউনিয়নের আজাহার মাষ্টার এর বাড়ী হইতে আব্বাস উদ্দিনের বাড়ী পর্যন্ত ইটসলিং এর পরিবর্তে আনাইতারা ইউনিয়নের কালামজানী ফজলের বাড়ী হইতে আব্বাস উদ্দিনের বাড়ী পর্যন্ত ইটসলিং | ২,০০,০০০/- | পিআইসি |
| ২। | লতিফপুর উত্তরপাড়া বায়তুল জান্নাত জামে মসজিদের উত্তরপাশের পাকা রাস্তা হইতে ফারুক হোসেনের বাড়ি অভিমুখে রাস্তায় ইট সলিং | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ৩। | তরফপুর ইউনিয়নের সিকদার মার্কেট হতে মজনু মিয়ার বাড়ী পর্যন্ত ইট সলিং করণ | ২,০০,০০০/- | টেন্ডার |

ভাইস চেয়ারম্যান জনাব আজহারুল ইসলাম সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টুসহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করে শেষ করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান জনাব শামীমা আক্তার সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টুসহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করে শেষ করেন।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ হাফিজুর রহমান সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টুসহ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান।

চলমান পাতা-০৬

সভার কার্যপত্র যথাসময়ে সরবরাহ করার জন্য বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে অনুরোধ জানান এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের বাল্য বিবাহ, যৌতুক, মাদক বন্ধকরণসহ সর্বোপরি এলাকার উন্নয়নের জন্য যথাযথ ভূমিকা পালন করার আহবান জানান।

সমাপনী বক্তব্য ঃ সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাংগাইল মীর এনায়েত হোসেন মন্টু বলেন মাননীয় জাতীয় সংসদ সদস্য, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের আওতায় মির্জাপুরের উন্নয়নে অনেকগুলো উন্নয়ন কাজ করে চলেছেন। মির্জাপুরের অধিকতর উন্নয়নে তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভাপতি মহোদয় তাঁর সমাপনী বক্তব্যে সভায় আলোচিত বিষয়গুলোর উপর ধারাবাহিকভাবে আলোচনা করেন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সভার কার্যপত্র অবশ্যই নোটিশে চাহিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে অনুরোধ জানান। সভায় বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম সচল রাখার লক্ষ্যে সভা আহবানের জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে অনুরোধ জানান।

১০০% ভাগ স্যানিটেশন বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং জনস্বাস্থ্য বিভাগের উপসহকারী প্রকৌশলীকে অনুরোধ জানান। জঙ্গীবাদ নির্মূলের লক্ষ্যে পুলিশ বিভাগকে অধিক তৎপর থাকার জন্য এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সভাপতি মহোদয় সকলের সহযোগিতা নিয়ে এ উপজেলাকে একটি মডেল উপজেলায় রুপান্তর করার আশাবাদ ব্যক্ত করেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য আহবান জানান। অদ্যকার সভায় গঠনমূলক আলোচনা হয়েছে এবং সভা অত্যন্ত প্রাঞ্জল ও আন্তরিক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। সভায় আলোচনায় অংশ গ্রহণ করে, বস্তুনিষ্ঠ মতামত দিয়ে সভা পরিচালনা এবং সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদানের জন্য তিনি সভায় উপস্থিত সম্মানিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, আমরা সকলে ঐকমত্যের ভিত্তিতে একনিষ্ঠভাবে কাজ করলে এ উপজেলার সামগ্রিক উন্নয়ন কর্মকান্ডে আরও গতিশীলতা আসবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহবান জানিয়ে এবং আবারও সকলকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মীর এনায়েত হোসেন মন্টু)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মির্জাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- উঃজেঃপঃকাঃ/মির্জা/টাং/সভা/১৫-১/২০১৪- 208 (৬০) তারিখ ঃ /০৭/২০২২ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। জনাব খান আহমেদ শুভ, মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
২। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৭। মীর এনায়েত হোসেন মন্টু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
৮। মেয়র, মির্জাপুর পৌরসভা, মির্জাপুর, টাঙ্গাইল।
৯। জনাব-------------------------------------------,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
১০। জনাব................................................................................ মির্জাপুর, টাঙ্গাইল।
১১। উপজেলা ...............................................................কর্মকর্তা , মির্জাপুর, টাঙ্গাইল।
১২। চেয়ারম্যান,.................................. ইউনিয়ন পরিষদ (সকল ), মির্জাপুর, টাঙ্গাইল।
১৩। জনাব ................................................................. ................ , মির্জাপুর, টাঙ্গাইল।

২৭/০৭/২২
(মোঃ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল।